

🔳 আল-হজ্জ | Al-Hajj | ٱلْحَجّ

আয়াতঃ ২২:৩

া আরবি মূল আয়াত:

وَ مِنَ النَّاسِ مَن يُّجَادِلُ فِي اللهِ بِغَيرِ عِلمٍ قَ يَتَّبِعُ كُلَّ شَيطْنٍ مَّرِيدٍ

🗚 অনুবাদসমূহ:

মানুষের মধ্যে কতক আল্লাহ সম্পর্কে তর্ক-বিতর্ক করে না জেনে এবং সে অনুসরণ করে প্রত্যেক বিদ্রোহী শয়তানের। — আল-বায়ান

কতক মানুষ জ্ঞান ছাড়াই আল্লাহ সম্বন্ধে বাদানুবাদ করে, আর প্রত্যেক অবাধ্য শয়ত্বানের অনুসরণ করে। — তাইসিক্রল

মানুষের কতক অজ্ঞতা বশতঃ আল্লাহ সম্বন্ধে বিতন্তা করে এবং অনুসরণ করে প্রত্যেক বিদ্রোহী শাইতানের। — মুজিবুর রহমান

And of the people is he who disputes about Allah without knowledge and follows every rebellious devil. — Sahih International

- ৩. মানুষের মধ্যে কিছু সংখ্যক না জেনে আল্লাহ সম্বন্ধে বিতণ্ডা করে(১) এবং সে প্রত্যেক বিদ্রোহী শয়তানের অনুসরণ করে,
 - (১) এখানে আল্লাহ সম্পর্কে তাদের যে বিতর্কের উপর আলোচনা করা হচ্ছে তা হচ্ছে আখেরাতে বিচারের জন্য তাদেরকে মৃত্যু ও মাটির সাথে মিশে যাওয়ার পর পুনরায় জীবিত করতে পারেন কি না? আল্লাহ এখানে তাদের কর্মকাণ্ডের নিন্দা করছেন, যারা আল্লাহ যা তাঁর নবীর উপর নাযিল করেছেন তার অনুসরণ না করে, শয়তানের দেয়া পথের অনুসরণ করে পুনরুত্থান ও আল্লাহর শক্তিকে অস্বীকার করছে। আর সাধারণত: যারাই রাসূলের উপর আল্লাহর নাযিলকৃত বাণী ও সুস্পষ্ট হকের অনুসরণ করা থেকে বিরত থাকে, তারাই বাতিলপন্থী নেতা, বিদ'আতের প্রতি আহ্বানকারীদের পদাঙ্ক অনুসরণ করে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (৩) মানুষের মধ্যে কতক আছে যারা অজ্ঞানতাবশতঃ আল্লাহ সম্বন্ধে বিতন্তা করে এবং অনুসরণ করে প্রত্যেক বিদ্রোহী শয়তানের। [1]
 - [1] যেমন বলে, আল্লাহ পুনর্বার সৃষ্টি করতে সক্ষম নন, বা তাঁর সন্তান আছে ইত্যাদি।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2598

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন